

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.০৪.০০৪.১৬-১৯৭/৬১

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৩ বাং  
০৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

বিষয়: রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের (সদ্য জাতীয়করণকৃত) "সহকারী শিক্ষক নিয়োগ ২০১০"-এর প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ ও পদায়ন প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৮.০০৭.০১২.০০.০০২.২০১৬-২৮১, তারিখ ২৮ আগস্ট ২০১৬।

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের (সদ্য জাতীয়করণকৃত) "সহকারী শিক্ষক নিয়োগ ২০১০"-এর প্যানেলভুক্ত প্রার্থীদের নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক আগামী ২৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখের মধ্যে পদায়ন করার জন্য অনুরোধ করা হলো।

(ক) যে সকল থানা/উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণকৃত বিদ্যালয়ে এবং জাতীয়করণকৃত বিদ্যালয় থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সমসংখ্যক সহকারী শিক্ষক বদলী হয়েছে সে উপজেলায় প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ দেয়া যাবে না।

উদাহরণ: কোন উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণকৃত বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে ৫ জন এবং জাতীয়করণকৃত থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে ৫ জন এক্ষেত্রে সে উপজেলায় প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ দেয়া যাবে না।

(খ) যে সকল থানা/উপজেলায় জাতীয়করণকৃত বিদ্যালয় থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেশী সহকারী শিক্ষক বদলী হয়েছে সে সকল উপজেলায় প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ দেয়া যাবে না।

উদাহরণ: কোন উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণকৃত বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে ৩ জন এবং জাতীয়করণকৃত থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে ৫ জন এক্ষেত্রে সে উপজেলায় প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ দেয়া যাবে না।

(গ) যে সকল থানা/উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণকৃত বিদ্যালয়ে বেশী বদলী হয়েছে শুধুমাত্র ঐ সমস্ত থানা/উপজেলায় সম সংখ্যক পদেই নিয়োগ দেয়া যাবে অর্থাৎ যে পরিমাণ বেশী শিক্ষক জাতীয়করণকৃত বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে শুধুমাত্র সে পরিমাণ পদে প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করা যাবে।

উদাহরণ: কোন উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণকৃত বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে ৫ জন এবং জাতীয়করণকৃত থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলী হয়ে এসেছে ৩ জন এক্ষেত্রে সে সমস্ত থানা/উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২টি পদে প্যানেলভুক্ত প্রার্থী নিয়োগ দেয়া যাবে।

(ঘ) তবে সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়ে পদ শূন্য হলে ঐ সমস্ত পদের নিয়োগ কায়ক্রমও অব্যাহত থাকবে।

মোঃ আলোয়ারুল হক

(যুগ্ম সচিব)

পরিচালক (পলিসি ও অপারেশন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

.....(৬১ জেলা)।

২৪ ভাদ্র ১৪২৩ বাং

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.০৪.০০৪.১৬-১৯৭/৬১(৭১)

অবগতির জন্য অনুলিপি:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি: যুগ্মসচিব (বিদ্যালয়)]।

২। জেলা প্রশাসক, (৬১ জেলা).....।

৩। সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ডিপিই এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো।

৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট ও বরিশাল বিভাগ।

৫। সহকারী পরিচালক (আইনকোষ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬। সংরক্ষণ নথি।

এ.কে.এম. সাফায়েত আলম  
সহকারী পরিচালক (নিয়োগ)